দৈনিক বাংলা

তারিখ ... 01 FEB 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ২

সংসদে-শিক্ষামন্ত্রী

# প্রাথমিক শিক্ষক, কর্মকর্তা কর্মীদের বিরুদ্ধে ৩৯৯ টি মামলা হয়েছে

বিশেষ সংবাদদাতা ঃ শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার বলেছেন, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে বিরাজিত স্থবিরতা দূর করতে পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা অনেক জোরদার করা হয়েছে।

প্রাথমিক শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের বিরুদ্ধে ৩৯৯টি মামলা দায়ের করা হয়েছে।

বুধবার জাতীয় সংসদে আলহাজ শামসউদ্দিন আহমদের একটি জরুরী জনগুরুত্বসম্পন্ন বিষয়ক নোটিশের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার প্রাথমিক শিক্ষার উপর সর্বোচ্চ গুরুত্ব আরোপ করেছে। এই কারণেই ১৯৯২ সালে 'প্রাথমিক ও গণশিক্ষা' বিভাগ নামে একটি পৃথক বিভাগ গঠন করা হয়েছে এবং এর গুরুত্ব বিবেচনা করে এই বিভাগের কার্যক্রম প্রধানমন্ত্রীর প্রত্যক্ষ তত্ত্বাবধানে ন্যস্ত করা হয়েছে। তিনি বলেন, প্রাথমিক শিক্ষাকে সারা দেশে বাধ্যতামূলক করা হয়েছে এবং দরিদ্র ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়ে ধরে রাখার জন্য শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী চালু করা হয়েছে।

আলহাজ্ব শামসউদ্দিন আহমদের নোটিশের বিষয় ছিল 'প্রাথমিক শিক্ষা খাতে বিনিয়োগের তুলনায় রিটার্নের হার হতাশাব্যঞ্জক। নোটিশে তিনি প্রাথমিক শিক্ষা খাতে সরকার প্রচুর অর্থ, মেধা, শ্রম ও সদিচ্ছা বিনিয়োগ করা সত্ত্বেও এর রিটার্নে হতাশা ব্যক্ত করেন এবং এক্ষেত্রে বিভিন্ন সমস্যা তুলে ধরে এ ব্যাপারে কিছু সুপারিশ পেশ করেন।

শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার সংসদ সদস্যের এই হতাশাকে অমূলক অভিহিত করে বলেন, প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সরকারী বিনিয়োগের রিটার্ন বেশ উৎসাহব্যঞ্জক। প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রীর সংখ্যা বিপুল পরিমাণে বেড়েছে। প্রাথমিক স্তরে ভর্তির হার শতকরা ৮৭তে উন্নীত হয়েছে। ড্রপ আউটের হার শতকরা ৬০ ভাগ থেকে ৪০ ভাগে নেমে এসেছে। সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে এখন ছাত্র-ছাত্রীর সংখ্যা ১ কোটি ১৩ লক্ষ ৬১ হাজার ৮০৫। শিক্ষকের পদ রয়েছে ১ লক্ষ ৬৪ হাজার ৯৪৮। স্থানান্তরের জন্য বিদ্যালয়গুলিতে দুইটি পালায় ক্লাস নেয়া হচ্ছে।

প্রাথমিক শিক্ষা উন্নয়নে গৃহীত বিভিন্ন পদক্ষেপের কথা উল্লেখ করে শিক্ষামন্ত্রী প্রাথমিক শিক্ষা পর্যায়ে যে বিনিয়োগ করা হচ্ছে তার যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে শিক্ষকদের নিয়মিত প্রশিক্ষণ দেয়া হচ্ছে এবং নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা চালু রয়েছে। স্থানীয় পর্যায়ে পরিদর্শনের মাধ্যমে জবাবদিহিতা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

এই প্রসঙ্গে তিনি শিক্ষা নিয়ে রাজনীতি না করার আহবান জানিয়ে বলেন, দেশের মঙ্গলের জন্য এটা করবেন না। দেশের ভবিষ্যৎ নাগরিকদের মানব-সম্পদে পরিণত করে দেশকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যেতে তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

04